সমকাল

তারিখ 2. 3. MAR 2015
পৃষ্ঠা ৩ কলাম ৫

# বিশ্ববিদ্যালয় হচ্ছে রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল কলেজ

## আইনের খসড়া মন্ত্রিসভায় যাচ্ছে আজ

■ শরীফুল ইসলাম ও রাজবংশী রায়

রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হচ্ছে। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয় আইনের খসড়া আজ সোমবার মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে যাচ্ছে। খসড়াটি অনুমোদন পাওয়ার পর তা বিল আকারে সংসদে পাঠানো হবে। সেখানে পাস হওয়ার পর নতুন এ দুটি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হবে। চলতি বছরেই সরকার পূর্ণাঙ্গ এ দুটি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করতে চায়। এ দুটি কলেজ বিশ্ববিদ্যালয় হলে দেশে পূর্ণাঙ্গ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সংখ্যা দাঁড়াবে তিনটিতে।

এ বিষয়ে জানতে চাইলে স্বাস্থ্য সচিব সৈয়দ মনজুরুল ইসলাম সমকালকে বলেন, সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হচ্ছে। এতে স্বাস্থ্যসেবাসহ অন্যান্য সুযোগ-সুবিধা বাড়বে।

স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো হবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের আদলে। আইন পাসের পর এ দুটি বিশ্ববিদ্যালয়ে প্রথম উপাচার্য নিয়োগ করা হবে। এ ছাড়া বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য একাধিক উপ-উপাচার্য পদ রাখা হচ্ছে। প্রশাসনিক কাঠামোতে কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট,

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৩

# বিশ্ববিদ্যালয় হচ্ছে

[তৃতীয় পৃষ্ঠার পর]

পরীক্ষা নিয়ন্ত্রক, গ্রন্থাগারিক এবং বিশ্ববিদ্যালয় হাসপাতাল পরিচালনায় জন্য একজন পরিচালক থাকবে। রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর আইনের খসড়ায় বলা হয়েছে, 'মেডিকেল কলেজ ও হাসপাতালকে উন্নীত ও রূপান্তরক্রমে বিশ্ববিদ্যালয় স্থাপিত হইবার সঙ্গে সঙ্গে সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধা, সম্পত্তি ও অর্থ বিশ্ববিদ্যালয়ের হইবে।'

এ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম সমকালকে বলেন, রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের বিষয়টি প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজনৈতিক অঙ্গীকার। তাই এ দুটি মেডিকেল কলেজ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের মাধ্যমে প্রধানমন্ত্রীর অঙ্গীকার বাস্তবায়ন হবে।